গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা

২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত নভেম্বর/২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান, এনডিসি<br>সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১৩ ডিসেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | সভাকক্ষ, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলী রোড, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক তে প্রদর্শিত। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর মাননীয় মন্ত্রীর শুভেচ্ছা বক্তব্যের পর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন)-কে অনুরোধ জানান। উপসচিব (উন্নয়ন) আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপভাবে সভার কার্যক্রম উপস্থাপন করেন:

**আলোচ্যসূচি-০১: গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ**

সভায় ২৩ নভেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত অক্টোবর/২০২৩ মাসের মাসিক উন্নয়নসভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-০২: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা**

| ক্রম | আলোচ্য বিষয় | গতসভার সিদ্ধান্ত বাস্তবায়নও অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ, ড্রাই ফুড ও সবজি প্রক্রিয়াকরণ | <u>সিদ্ধান্ত:</u><br>ক) কোল্ড স্টোরেজ নির্মাণের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>খ) তিন পার্বত্য জেলা পরিষদ সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ করে ড্রাই ফুড এবং সবজি প্রক্রিয়াকরণ কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় সমীক্ষা সম্পাদনপূর্বক স্কিমের পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ১৫/১২/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br><u>বাস্তবায়ন অগ্রগতি:</u><br>বান্দবান পার্বত্য জেলা পরিষদ হতে জানানো হয় যে, তাঁরা স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা পর্যায়ের সংশ্লিষ্টদের নিয়ে সভা করেছেন। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ জানান, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে পত্র প্রেরণ করেছেন। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হতে কোন অগ্রগতির তথ্য পাওয়া যায়নি। | ক) কোল্ড স্টোরেজ নির্মাণের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>খ) তিন পার্বত্য জেলা পরিষদ সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ করে ড্রাই ফুড এবং সবজি প্রক্রিয়াকরণ কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় সমীক্ষা সম্পাদনপূর্বক স্কিমের পূর্ণাঙ্গা প্রস্তাব আগামী ৩০/১২/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/তিন পার্বত্য জেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | আবাসিক বিদ্যালয় (০৪টি) পরিচালনা সংক্রান্ত | **সিদ্ধান্ত:**<br>ক) আবাসিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিকরণে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>খ) আবাসিক বিদ্যালয়সমূহ পরিচালনার জন্য গৃহীত স্কিমের মেয়াদ ৬ মাস অর্থাৎ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পর্যালোচনাপূর্বক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) আবাসিক বিদ্যালয়সমূহের সরকারিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>আবাসিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিকরণে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখা হচ্ছে মর্মে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে জানানো হয়। উপসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, ৪টি আবাসিক বিদ্যালয় পরিচালনার জন্য গৃহীত স্কিমের মেয়াদ ৬ মাস অর্থাৎ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব গত ০৫/১২/২০২৩ তারিখ মন্ত্রণালয় হতে অনুমোদন করা হয়েছে।<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস-চেয়ারম্যান এ ব্যাপারে বলেন, ৪টি আবাসিক বিদ্যালয়ের খাবারের জন্য মন্ত্রণালয় হতে খাদ্য শস্য সহায়তা পেলে স্কিমের আর্থিক বরাদ্দ কম প্রয়োজন হতো। সভাপতি ৪টি আবাসিক বিদ্যালয়ের খাবারের জন্য খাদ্য শস্যের চাহিদার পরিমাণ মন্ত্রণালয়ের জানানোনো জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) আবাসিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিকরণে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>খ) আবাসিক বিদ্যালয়সমূহের জন্য খাদ্য শস্যের চাহিদার পরিমান আগামী ২৭ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>গ) আবাসিক বিদ্যালয়সমূহের সরকারিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প | **সিদ্ধান্ত:**<br>ক) পুনর্গঠিত ডিপিপি (জনবল প্রস্তাবসহ) আগামী ০১/১২/২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) পাড়াকর্মীদের নতুন করে নিয়োগ প্রদান করতে হবে এবং প্রকল্প শেষে নিয়োগপত্র অব্যাহতি পত্র বলে গণ্য হবে মর্মে উল্লেখ থাকতে হবে।<br><br>গ) পাড়াকন্দ্রের আবশ্যকতা রয়েছে কিনা সে বিষয়ে স্ট্যাডি করার জন্য আগামী অর্থবছরে একটি স্কিম গ্রহণ/ডিপিপি-তে এ বিষয়ে একটি খাত অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>উপসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি (জনবল প্রস্তাবসহ) গত ৩০/১১/২০২৩ তারিখ অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের আওতায় নির্মিত ৪টি আবাসিক বিদ্যালয়কে সরকারিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যহত রয়েছে।<br><br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস-চেয়ারম্যান এ ব্যাপারে বলেন,"পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়) প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োগকৃত পাড়াকর্মীগণ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হবেন এবং তাঁদের কখনো স্থায়ী করা হবে না মর্মে তাঁদেরকে নিয়োগের শুরুতে জানানো হবে। এছাড়াও পাড়াকর্মীদের নতুন করে নিয়োগ প্রদান করা হবে এবং নিয়োগপত্রে উল্লেখ থাকবে যে, প্রকল্প শেষ হলে এ নিয়োগ সম্পূর্ণ বাতিল করা হবে। মাননীয় মন্ত্রী বলেন যে, যেহেতু পাহাড়ী অঞ্চল তাই এখানে আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল নিয়োগ করা হলে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্থ হতে পারে।সভাপতি মহোদয় বলেন যে,জনবল আউটসোর্সিং এর পরিবর্তে সরাসরি নিয়োগের বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখবে। | ক) প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা পুনর্গঠিত ডিপিপিতে উল্লিখিত আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের পরিবর্তে সরাসরি নিয়োগ এর বিষয়ে অনুমোদন গ্রহণের লক্ষ্যে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখবে।<br>খ) কার্য-সহকারী পদসহ অন্যান্য স্থায়ীপদ সৃজনের লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড তাদের জনবল কাঠামো সংশোধনের উদ্যোগ গ্রহণ করবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |

**আলোচ্যসূচি-০৩: চলতি অর্থবছরে গৃহীত প্রকল্প/স্কিমের নভেম্বর, ২০২৩ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা:**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রকল্প/উন্নয়ন সহায়তার সার্বিক/পৃথক অগ্রগতি | ক) যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ পাওয়া গিয়েছে ৭৫১.৭১ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৫টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৫৮.৭১ কোটি টাকা (জিওবি-২৫৮.৭১কোটি) এবং | ক) প্রকল্পসমূহের যথাযথ কাজের মান বজায় রেখে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ তিন পার্বত্য জেলা পরিষদ/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নয়ন সহায়তার অনুকূলে ৪৯০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়াও অননুমোদিত প্রকল্পের জন্য ০৩.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ নভেম্বর মাস পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের ১ম কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। ৩০ নভেম্বর ২০২৩ মাস পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৬.০৮%। সভাপতি এডিপিভুক্ত প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি ডিপিপি কর্মপরিকল্পনা অনুযায়ী অর্জন করার জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় মন্ত্রী বলেন, প্রকল্পসমূহের কাজের যথাযথ মান বজায় রাখতে হবে। তিনি জনকল্যাণের বিষয় মাথায় রেখে প্রকল্পসমূহ নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। | করবেন। | |
| | | খ) তুলা চাষ প্রকল্পের আওতায় জুম চাষীদের উন্নত জাতের তুলা বীজ/চারা প্রদানের মাধ্যমে তাঁদের তুলাচাষে উদ্বুদ্ধ করার বিষয়ে মাননীয় মন্ত্রী পরামর্শ প্রদান করেন। | খ)তুলা চাষ প্রকল্পের আওতায় জুম চাষীদের উন্নত জাতের তুলা বীজ/চারা প্রদানের মাধ্যমে তাঁদের তুলাচাষে উদ্বুদ্ধ করতে হবে। | |
| | | গ) মাননীয় মন্ত্রী যেসব এলাকায় জাতীয় গ্রিডের বিদ্যুৎ পৌঁছানো সম্ভব নয় এসব এলাকায় সোলার প্যানেল-এর মাধ্যমে বিদ্যুৎ পৌঁছানোর জন্য দ্রুত নতুন প্রকল্প গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | গ) ৩য় পর্যায়ে নতুন করে সোলার প্রকল্প গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে দ্রুত আরএডিপি-এর সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ঘ) পার্বত্য চট্টগ্রাম এলাকায় পানি সংকট নিরসনে সোলার প্রযুক্তির মাধ্যমে গভীর নলকূপ স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হতে জানানো হয় যে, তাঁরা এই ধরণের একটি প্রকল্প ইতোমধ্যে গ্রহণ করেছে। সভাপতি বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদকে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ন্যায় সোলার প্রযুক্তির মাধ্যমে গভীর নলকূল স্থাপনের মাধ্যমে পানির সংকট নিরসনের জন্য প্রকল্প নির্দেশনা প্রদান করেন। | ঘ) বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ন্যায় সোলার প্রযুক্তির মাধ্যমে গভীর নলকূল স্থাপনের মাধ্যমে পানির সংকট নিরসনের জন্য প্রকল্প গ্রহণ করবে। | |
| | | ঙ) বিভিন্ন প্রকল্পের পিএসসি এবং পিআইসি কমিটি গঠন এবং সভার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী পিএসসি ও পিআইসি কমিটি গঠন এবং নিয়ম অনুযায়ী সভা করার নির্দেশনা প্রদান করেন। | ঙ) পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী পিএসসি ও পিআইসি কমিটি গঠন এবং সভা করতে হবে। | |
| | | চ) আমব্রেলা প্রকল্প নিয়ে আলোচনায় বলা হয় তিন পার্বত্য জেলা পরিষদ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড সমন্বয় করে ভূ-প্রাকৃতিক অবস্থায় ও সম্ভব্যতা যাচাই করে আমব্রেলা প্রকল্প গ্রহণ করবে। সভায় তিন পার্বত্য জেলায় সড়ক উন্নয়ন প্রকল্প গ্রহণ করার বিষয়ে | চ) তিন পার্বত্য জেলা পরিষদ এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড জরুরিভিত্তিতে আমব্রেলা প্রকল্পের ধারণাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়। | | |
| ২. | ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহীত নতুন স্কিম সহ চলমান স্কিম বাস্তবায়ন অগ্রগতি | ক) উপসচিব (উন্নয়ন) জানান যে, উন্নয়ন সহায়তা কোডের আওতায় গৃহীত স্কিম সমূহ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত ফলো-আপ করতে হবে মর্মে গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি তিন পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণদের দ্বৈবচয়নের ভিত্তিতে স্কিমসমূহ নিয়মিত পরিদর্শন করতে নির্দেশনা প্রদান করেন। মাননীয় মন্ত্রী স্কিমসমূহের সম্পূর্ণ বিল প্রদানের পূর্বে সংশ্লিষ্টদের স্কিমসমূহ পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) উপসচিব (উন্নয়ন) আরও জানান, আগামী অর্থবছর (২০২৪-২০২৫) হতে প্রতি বছর রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষণ করার জন্য প্রতিটি সংস্থা হতে একটি করে স্কিম গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিনিধি সভাকে জানান যে, তাদের সংস্থা হতে এ সংক্রান্ত স্কিম গ্রহন ও বাস্তবায়ন করা হচ্ছে। তিন পার্বত্য জেলা পরিষদ এর প্রতিনিধিগন এ বিষয়ে আগামী অর্থবছর হতে স্কিম গ্রহন করবেন মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও পার্বত্য জেলা পরিষদের জনবল কাঠামো সংশোধনের বিষয়ে দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | ক) মন্ত্রণালয়/সংস্থার কর্মকর্তাগণ দ্বৈবচয়নের ভিত্তিতে স্কিমসমূহ নিয়মিত পরিদর্শন করবেন এবং বিল প্রদানের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা স্কিম পরিদর্শনের বিষয়টি নিশ্চিত হবেন।<br><br>খ) তিন পার্বত্য জেলা পরিষদের জনবল কাঠামো সংশোধনের বিষয়ে আগামী সভার পূর্বে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ তিন পার্বত্য জেলা পরিষদ |

**আলোচ্যসূচি-০৪: বিবিধ**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সমাপ্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত | জুন, ২০২৩ এ সমাপ্ত সকল প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে এবং তা আইএমইডিতে প্রেরণ করা হয়েছে মর্মে উপসচিব সভাকে অবহিত করেন। তবে গত ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডি-সিএইচটি) প্রকল্পের পিসিআর এখনো মন্ত্রণালয়ে জমা দেয়া হয়নি। এ বিষয়ে প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, প্রকল্পের অর্থ খরচ হয়েছে তিন পার্বত্য জেলা পরিষদের মাধ্যমে। তাই জেলা পরিষদসমূহ হতে তথ্য নিয়ে প্রকল্পের পিসিআর দাখিল করা হবে। | আগামী ৩০/১২/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পের পিসিআর দাখিল করতে হবে। | জাতীয় প্রকল্প পরিচালক/ তিনপার্বত্য জেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণ ও অন্যান্য | ক) সভায় ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। উপসচিব (উন্নয়ন) জানান, সংশ্লিষ্ট কমিটি কর্তৃক এ সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়েছে।<br><br>খ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, বরাদ্দকৃত স্যুভেনির শপগুলো বুঝে নেওয়া হলেও উদ্বোধন উপযোগী করা হয়নি। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও জেলা পরিষদের প্রতিনিধিগণ জানান, স্যুভেনির শপগুলো সজ্জিতকরণের কার্যক্রম চলমান রয়েছে এবং ইতোমধ্যে বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ করা হয়েছে।<br><br>গ) ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’ বুঝে নেওয়ার বিষয়েও সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) জানান যে, এ বিষয়ে গঠিত কমিটি কর্তৃক PWD-এর প্রতিনিধিসহ কমপ্লেক্স পরিদর্শন করা হয়েছে। শীঘ্রই কমপ্লেক্সটি বুঝে নেওয়া হবে মর্মে জানানো হয়। | ক) খসড়া নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে।<br><br>খ) স্যুভেনির শপগুলো সজ্জিত করে দ্রুত উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) দ্রুত কমপ্লেক্সটি বুঝে নিতে হবে। | ক) যুগ্মসচিব (প্রশাসন)<br><br>খ)পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ তিন পার্বত্য জেলা পরিষদ<br><br>গ) মন্ত্রণালয় হতে গঠিত কমিটি/গণপূর্ত বিভাগ |
| ৩ | ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্প সংক্রান্ত | ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের অগ্রগতির বিষয়ে উপসচিব (উন্নয়ন) জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে সবুজ পাতায় ৮টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। তন্মধ্যে ০৩টি প্রকল্প অনুমোদিত হয়েছে, ০২টি প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্তের আলোকে সংস্থা কর্তৃক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে, ০১টি প্রকল্পের পুনর্গঠিত ডিপিপির প্রস্তাব অর্থমন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০২টি প্রকল্পের ডিপিপি পাওয়া গিয়েছে প্রকল্পের ডিপিপির যাচাই-বাছাই কমিটির সভা আহ্বানের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে। উপসচিব (উন্নয়ন) আরও জানান যে, সবুজ পাতায় অন্তর্ভূক্ত যে সকল প্রকল্প এখনো অনুমোদিত হয়নি সেসকল প্রকল্প ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপি বইয়ের সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা রয়েছে। | ক) যেসকল প্রকল্পের অর্থ বিভাগের অর্থায়নের অনুমোদন নেই সেসকল প্রকল্পের অর্থায়নের অনুমোদনের নিমিত্ত অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) অননুমোদিত প্রকল্পসমূহ অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>গ) সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পসমূহ ২০২৪-২০২৫ অর্থবছরে এডিপি বইয়ে অন্তর্ভুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা-১/২ শাখা/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/তিন পার্বত্য জেলা পরিষদ |
| ৪. | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় অতিরিক্ত বরাদ্দ প্রদান সংক্রান্ত। | পার্বত্য এলাকায় আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন/সংস্কার এর লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (২২১০০০৯০০) এর আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত ৭৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৫০০.০০ লক্ষ টাকা এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর অনুকূলে ২৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (২২১০০০৯০০) এর আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত ৭৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৫০০.০০ লক্ষ টাকা এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর অনুকূলে ২৬৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে। | উপসচিব (উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | ড্রেইনের উপর স্লাব স্থাপন সংক্রান্ত | সভাপতি বলেন, রাস্তার পাশে ড্রেইন করার সময় ড্রেইনের উপর স্লাব স্থাপন করা হলে ড্রেইনের দুর্গন্ধ বাইরে আসবে না এবং একইসাথে রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পাবে। | ভবিষ্যতে রাস্তার পাশে নির্মিতব্য ড্রেইনের উপর স্লাব স্থাপন করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/তিন পার্বত্য জেলা পরিষদ |

**০৫) সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

সংযুক্তি: সভার হাজিরা।

মোঃ মশিউর রহমান, এনডিসি
সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৫.০৬.০০১.১৯.১৪৫

তারিখ: ৯ পৌষ ১৪৩০
২৪ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৭) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৯) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় প্রকল্প পরিচালক, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প
১১) চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১২) চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১৩) চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প, রাঙ্গামাটি
১৫) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৬) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
১৭) ভাইস-চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ' শীর্ষক প্রকল্প
১৮) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১৯) সদস্য-পরিকল্পনা, সদস্য-পরিকল্পনা এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষরে মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষব প্রকল্প
২০) পরিচালক, পরিচালক - ৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২১) উপসচিব, বাজেট / প্রশাসন-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৫) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৬) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও প্রকল্প পরিচালক, ‘খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন’ শীর্ষক প্রকল্প

২৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৯) নির্বাহী প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৩০) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৩১) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক , ‘খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ’ শীর্ষক প্রকল্প ও প্রকল্প পরিচালক, ‘পার্বত্য চট্টগামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজলোয় সেচ ড্রেইন নির্মাণ’ শীর্ষক প্রকল্প

৩২) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, বান্দরবান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, ‘বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ’ শীর্ষক প্রকল্প ও ‘বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাইখালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ’ শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান ও প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাষ্টার ড্রেইন ও প্রকল্প

৩৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, ‘রাঙ্গামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ’ শীর্ষক প্রকল্প

৩৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব